



আগামী ফেব্রুয়ারির প্রথমার্ধে জাতীয় নির্বাচন: সিইসি



সংগৃহীত ছবি

প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দীন জানিয়েছেন, আগামী বছরের ফেব্রুয়ারির প্রথমার্ধেই ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। সুষ্ঠু ও গ্রহণযোগ্য ভোট নিশ্চিত করতে আইনশৃঙ্খলা বাহিনী সতর্ক থাকবে এবং কোনো বিশৃঙ্খলা হলে তদন্ত সাপেক্ষে ভোট বন্ধের সিদ্ধান্ত নেয়া হবে।

আগামী বছরের ফেব্রুয়ারির প্রথমার্ধেই ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দীন। শনিবার (৯ আগস্ট) রংপুর বিভাগীয় কমিশনারের কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ তথ্য দেন।

সিইসি বলেন, “আগামী নির্বাচনে বিশৃঙ্খলা সৃষ্টির কোনো সুযোগ দেয়া হবে না। আইনশৃঙ্খলা বাহিনী এ বিষয়ে সতর্ক থাকবে। তবে কোনো অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটলে তদন্তের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে, প্রয়োজনে ভোট বন্ধও করা হবে।”

তিনি আরও জানান, একটি অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন আয়োজনের জন্য নির্বাচন কমিশন সব ধরনের প্রস্তুতি নিচ্ছে। পাশাপাশি নির্বাচনে কোন কোন সংস্থাকে কাজে লাগানো যায়, সে বিষয়েও পরিকল্পনা চলছে, যা সময়মতো দৃশ্যমান হবে।